# রূপগঞ্জে জমি নিয়ে বিরোধে দুই কলেজ শিক্ষার্থীসহ আহত ৩




ছবি: সংগৃহীত

নারায়ণগঞ্জের রূপগঞ্জে জমিজমা নিয়ে দীর্ঘদিনের বিরোধকে কেন্দ্র করে প্রতিপক্ষের হামলায় দুই কলেজ শিক্ষার্থীসহ তিনজন আহত হয়েছেন। ধারালো অস্ত্রের আঘাতে তারা রক্তাক্ত জখম হয়েছেন বলে অভিযোগ করা হয়েছে। ঘটনাটি ঘটেছে উপজেলার দাউদপুর ইউনিয়নের পলখান এলাকায়।

আহত আলতাফ হোসেন ও সিফাত পলখান এলাকার বাসিন্দা বাবুল মিয়ার দুই ছেলে এবং দুজনই কলেজে পড়াশোনা করেন। হামলার সময় তাদের রক্ষা করতে এগিয়ে গিয়ে আহত হন প্রতিবেশী সাত্তারও।

পুলিশ ও স্থানীয়দের ভাষ্য অনুযায়ী, বাবুল মিয়ার সঙ্গে একই এলাকার প্রতিবেশী শাহীন আকন্দের পরিবারের জমিজমা নিয়ে দীর্ঘদিন ধরে বিরোধ চলছিল। ওই বিরোধের ধারাবাহিকতায় শাহীন আকন্দ ও তার লোকজন দেশীয় ধারালো অস্ত্র নিয়ে আলতাফ ও সিফাতের ওপর হামলা চালান বলে অভিযোগ রয়েছে।

হামলার সময় দুই ভাইকে ধারালো অস্ত্র দিয়ে কোপানো হচ্ছিল। তাদের চিৎকার শুনে সাত্তার এগিয়ে এসে রক্ষা করার চেষ্টা করলে হামলাকারীরা তার ওপরও হামলা চালিয়ে তাকে গুরুতর জখম করে বলে স্থানীয় সূত্র জানিয়েছে।

ঘটনার পর স্থানীয় বাসিন্দারা আহত তিনজনকে উদ্ধার করে রূপগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। সেখানে চিকিৎসাধীন অবস্থায় আলতাফের শারীরিক অবস্থার অবনতি হলে কর্তব্যরত চিকিৎসক তাকে উন্নত চিকিৎসার জন্য ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালে পাঠান। অন্য দুইজন স্থানীয় হাসপাতালেই চিকিৎসা নিচ্ছেন।

এ ঘটনায় আহতদের বাবা বাবুল মিয়া বাদী হয়ে শাহীন আকন্দসহ মোট নয়জনকে অভিযুক্ত করে রূপগঞ্জ থানায় লিখিত অভিযোগ দিয়েছেন।

পুলিশ জানিয়েছে, অভিযোগটি নিয়মিত মামলা হিসেবে নথিভুক্ত করার প্রক্রিয়া চলছে। একই সঙ্গে অভিযুক্তদের গ্রেফতারের জন্য পুলিশের অভিযান অব্যাহত রয়েছে।